

বঙ্গভবন ১২ অক্টোবর ২০২২:

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদের কাছে আজ বঙ্গভবনে বাংলাদেশে সংযুক্ত আরব আমিরাতের নবনিযুক্ত রাষ্ট্রদূত **Abdulla Ali Abdulla Haseif Al Hamoudi** পরিচয়পত্র পেশ করেন।

নতুন দূত বিকেলে বঙ্গভবনে পৌঁছলে প্রেসিডেন্ট গার্ড রেজিমেন্টের একটি চৌকস দল তাকে গার্ড অব অনার প্রদান করে।

সাক্ষাৎকালে রাষ্ট্রপতি আবদুল হামিদ বলেন, সংযুক্ত আরব আমিরাতের সাথে বাংলাদেশের সম্পর্ক অত্যন্ত চমৎকার। কালের পরিক্রমায় তা বাণিজ্য-বিনিয়োগসহ বিভিন্ন খাতে আরো বিস্তৃত হয়েছে। করোনা মহামারি সত্ত্বেও মেগা ইভেন্ট দুবাই এক্সপো ২০২০ সফলভাবে আয়োজনের জন্য আরব আমিরাতের নেতৃবৃন্দকে অভিনন্দন জানান রাষ্ট্রপতি। প্রায় ৭ লাখ বাংলাদেশিকে কর্মসংস্থানের সুযোগ করে দেয়ায় আমিরাত সরকারকে ধন্যবাদ জানিয়ে রাষ্ট্রপতি বলেন, প্রবাসী বাংলাদেশিরা আরব আমিরাত ও বাংলাদেশের উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। তিনি বলেন, বাংলাদেশে দক্ষ, অদক্ষসহ বিভিন্ন পেশায় প্রশিক্ষিত জনবল রয়েছে যাদের আরব আমিরাত নিয়োগ করতে পারে। এছাড়া বাংলাদেশ সমুদ্রগামী জাহাজ, পোশাক, ঔষধ, সিরামিকসহ বিশ্বমানের বিভিন্ন ধরনের পণ্য উৎপাদন করে থাকে। আরব আমিরাত বাংলাদেশ থেকে এসব পণ্য আমদানি করতে পারে। রাষ্ট্রপতি আশা করেন নতুন দূতের সময়ে দুই দেশের মধ্যে বিদ্যমান সম্পর্ক নতুন উচ্চতায় পৌঁছাবে।

সংযুক্ত আরব আমিরাতের নবনিযুক্ত রাষ্ট্রদূত বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নের প্রশংসা করেন। তিনি দায়িত্ব পালনকালে রাষ্ট্রপতির সার্বিক সহযোগিতা কামনা করেন।

রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব সম্পদ বড়ুয়া, সামরিক সচিব মেজর জেনারেল এস এম সালাহ উদ্দিন ইসলাম, প্রেস সচিব মোঃ জয়নাল আবেদীন এবং সচিব (সংযুক্ত) মোঃ ওয়াহিদুল ইসলাম খান এসময় উপস্থিত ছিলেন।